সংবাদ বিচিত্রায় লেখা পাঠানোর নিয়মাবলী

যে কোনো একটি বিভাগে একবারে একটিই লেখা পাঠাবেন।

লেখা পাঠানোর ইমেল

cabsangbadbichitraeditors@gmail.com

১) কবিতা পাঠাবেন একটি ১২-২০ লাইনের মধ্যে।

২) অনু কবিতা পাঠাবেন একটি ৬-৮ লাইনের মধ্যে।

৩) অনুগল্প পাঠাবেন ২৫০-৫০০ শব্দের মধ্যে।

৪) গল্পটিকে ন্যূনতম ১২০০ এবং সর্বোচ্চ ১৫০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৫) সাহিত্য, বিজ্ঞান ও সমাজ সম্পর্কিত প্রবন্ধ / নিবন্ধ পাঠাবেন ৫০০ (নিবন্ধ) থেকে ১০০০ (প্রবন্ধ) শব্দের মধ্যে।

৬) শিল্প, সংস্কৃতি বিষয়ক কমিউনিটি নিউজ পাঠাবেন ১০০-৫০০ শব্দের মধ্যে। আপনার কমিউনিটির পরবর্তী প্রজন্মের যে কোনও বিষয়ে সাফল্যের খবর দেওয়া যাবে।

৭) লেখাটি অভ্রতে টাইপ করে একটি .docx ফাইলে পাঠান। হাতে লিখে, pdf করে, ছবি তুলে পাঠালে গৃহীত হবে না।

৮) লেখাগুলিকে অবশ্যই যে কোন মাধ্যমে অপ্রকাশিত ও মৌলিক হতে হবে।

৯) বানান ও যতিচিহ্নের ব্যবহারে লেখকদের সতর্ক থাকতে হবে।

১০) লেখায় সরাসরি যে কোন রাজনৈতিক দল, ধর্ম, জাতি, জনজাতির উল্লেখ থাকলে বা কোনো বিতর্কমূলক লেখা অথবা ব্যক্তিবিশেষের নাম করে বা ইঙ্গিত করে সম্মানহানির প্রয়াস থাকলে সেটি বিবেচিত হবে না।

মনে রাখবেন নিয়মাবলী মেনে লেখা না পাঠালে বা শব্দসংখ্যা বেশি থাকলে লেখা প্রকাশ সম্ভব নয় কারণ মাত্র ১৬ পাতার পত্রিকা এটি।

এটি বিশেষত সংবাদ পত্রিকা তাই কমিউনিটি নিউজ প্রকাশ আমাদের প্রধান লক্ষ্য। বাঙলার শিল্প-সংস্কৃতির প্রচার-প্রসারের সাথে যুক্ত যে কোনও সংস্থার সংবাদ আমরা প্রকাশ করব। আপনারা আপনাদের সংস্থার কর্মকান্ডের সংবাদ পাঠান, সম্পাদকমন্ডলী দ্বারা বিবেচিত হলে আমরা সেইটি ছাপব।

আপনাদের মতামত আমাদের কাছে গুরুত্বপূর্ণ

সংবাদ বিচিত্রা পত্রিকাটি বিষয় ভিত্তিক এবং আঙ্গিক ভিত্তিক পর্যালোচনা করে আপনাদের কেমন লাগছে ইমেলে জানান। যদি কোথাও পরিবর্তন বা উন্নতিসাধন করতে হয় সংক্ষেপে দু-চার লাইনে ইমেল করে কারণ সহ জানাবেন আমরা আপনার গুরুত্বপূর্ণ মতামত পরবর্তী সংখ্যায় প্রকাশ করব।

cabsangbadbichitraeditors@gmail.com

Editorial Committee

Sudipta Chattopadhyay
Lipika Mukhopadhyay

Board of Trustees 2023

Dilip Chakrabarti	Chairperson
Abhik Dasgupta	Member
Ashis Sengupta	Member
Ashok Rakhit	Member
Gopendu Chakrabarti	Member
Kallol Chattopadhyay	Member
Milan Awon	Member
Pranab Das	Member
Sugata Bagchi	Member
Surajit Sengupta	Member

Executive Committee 2023

Ranadeb Sarkar	President
Tapas Sanyal	Vice President
Arpita Gupta	Vice President
Dipayan Sarkar	Vice President
Partha Sarathi Chakrabarty	General Secretary
Indrashish Basu Roychoudhury	Assistant Secretary
Debiprosad Palit	Treasurer
Sudipta Chattopadhyay	Member
Dipankar Chattopadhyay	Member
Lipika Mukhopadhyay	Co-Opt Member
Amitabha Choudhury	Co-Opt Member
Amit Ganguly	Co-Opt Member
Pradip Gupta	Co-Opt Member

Published by
Rupa Majumdar, RAUNAQ PUBLICATION



গত সংখ্যার ক্যুইজের উত্তর

Answer:
1. Gurer Putul. 2. Indira Gandhi international airport, Delhi. 3. Azadisat.
4. Mihir Sen. 5. Kolkata. 6. Prasad Mukhopadhyay. 7. Ajanta Cave.
8. Sardar Ballavbhai Patel. 9. 1959 almost 65 years ago. 10. Kuttus

Rules for submitting articles to Sangbad Bichitra

Submit only one text at a time in any one category.

Send articles to this email:

cabsangbadbichitraeditors@gmail.com

1) Poems should be within 12-20 lines.
2) Short poems should be within 6-8 lines.
3) Short stories should be between 250-500 words.
4) Stories should be at least 1200 words but no more than 1500 words.
5) Essays/articles related to literature, science and social issues should be less than 500 (for an article) to 1000 (for an essay) words.
6) News form within your local community about art, culture, etc. should be within 100-500 words. Success stories of your next generation young members on any arena can be shared.
7) The text should be formatted in Avro font and stored as a MS Word (.docx) file. Handwritten content, an image (like JPEG or a PDF) file are not suitable formats and submissions will not be accepted.
8) Content should be previously unpublished and original.
9) Content should be free from typographical and grammatical errors.
10) Any content directly commenting on a political party, religion, caste, nation or a particular individual in a biased positive or negative manner will not be accepted for publication.

* Please understand that if the submitted content does not confirm to the guidelines set forth above (especially word limit), it will not be accepted for publication (due to space constraints of a 16-page magazine).

* This is a publication focused on community(ies) and our main aim is to publish news from any organization that promotes Bengali art and culture. As local Bengali organizations submit content to us, we will strive to publish items accordingly.

* Your opinion is important to us : Please provide your review (via email) of the contents of "Sangbad Bichitra" as it tackles pertinent subjects and viewpoints and their manner of presentation. If there is any room for improvement, please do not hesitate to describe them briefly and we shall publish your feedback in our subsequent edition.

cabsangbadbichitraeditors@gmail.com

NABC 2024
CHICAGO
JULY 4TH, 5TH & 6TH
SCHAUMBURG CONVENTION CENTER
PRE-NABC EVENT : JULY 3RD
SEE YOU IN CHICAGO
...more to be announced soon!
www.nabc2024.org
marketing@nabc2024.org


A MUSICAL EVENING WITH THE MAGICAL TRIO
SHANKAR EHSAAN LOY
PRE-NABC NIGHT
JULY 3RD 2024
CHICAGO
SCHAUMBURG CONVENTION CENTER


Somlata
Koushik
Chakraborty
LIVE IN CONCERT
Folk • Kirtan • Fusion • Modern
NABC 2024
CHICAGO
JULY 4TH, 5TH & 6TH
SCHAUMBURG CONVENTION CENTER

SOURENDRO
SOUMYOJIT
Unplugged
BANGLA | BOLLYWOOD | BANDISH
A Musical Soiree To Remember
NABC 2024
CHICAGO
JULY 4th, 5th & 6th
Schaumburg Convention Centre

ফসিল্‌স
NABC 2024
CHICAGO
JULY 4TH, 5TH & 6TH
SCHAUMBURG CONVENTION CENTER

A SWAPNASANDHANI PRODUCTION
KOUSHIK SEN • RESHMI SEN • RIDDHI SEN
বিষ
অবিশ্বাস
প্রতিশোধ
লোভ
সিংহাসন
ঈর্ষা
পাপ
মোহ
ষড়যন্ত্র
খুন
রক্ত
হ্যামলেট
DIRECTED BY KOUSHIK SEN
NABC 2024
CHICAGO
JULY 4TH, 5TH & 6TH
SCHAUMBURG CONVENTION CENTER

KOUSHIK SEN
RIDDHI SEN
RESHMI SEN
live
A Natok Festival
where 3 brilliant actors take center stage...
NABC 2024
CHICAGO
JULY 4th, 5th & 6th
Schaumburg Convention Centre

Interesting details of recently constructed Sree Ram Mandir in Ayodhya.

No taxpayer's money is involved. It is fully financed through public donations of about 5000 crores and counting...

Some particulars about the Temple Construction:

Chief Architects - Chandrakant Sompura Nikhil Sompura & Ashish Sompura.

Design Advisors - IIT Guwahati, IIT Chennai, IIT Bombay, NIT Surat, Central Building Research Institute Roorkee, National Geo Research Institute Hyderabad, and the National Institute of Rock Mechanics.

Construction Company - Mr Sandip Mukherjee of Anais groups company Larsen and Toubro (L&T)Project.

Management Company - Tata Consulting Engineers Limited (TCEL)

Sculptors - Arun Yogiraaj (Mysore), Ganesh Bhatt and Satyanarayan Pandey

Total Area -	70 Acre (70% green Area)
Temple Area -	2.77 Acre
Temple Dimensions -	Length – 380 Ft.
Width –	250 Ft.
Height –	161 Ft.

Architectural Style - Indian Nagar Style.

Architectural Highlights - 3 storeys (floors), 392 pillars, 44 doors.

Now let's see how the temple will be a modern marvel:

The temple complex consists of several independent infrastructures of its own which includes -

1. Sewage treatment plant
2. Water treatment plant for both potable & portable uses.
3. Fire service & rescue services.
4. Independent Power Station.
5. Pilgrims Facility Center of 25,000 capacity to provide medical facilities and locker facilities to the pilgrims.
6. Separate block with a bathing area, washrooms, washbasin, open taps, etc.
7. 200 KA light arresters have been installed over the temple structure to protect it from lightening.
8. Electrical circuit provided with electronic sensors & warning systems integrated with IT to activate remedial action, short circuit related & other fire fighting mechanism, as per NICMAR standards
9. Museum showcasing artifacts related to Lord Ram and the Ramayana. Thus, more than just a religious center, the Ram Mandir has been envisioned as a cultural and educational center as well.

Other Fascinating Things:

1. A time capsule has been placed approximately 2,000 feet below the ground, right underneath the temple. The capsule contains a copper plate inscribed with relevant information regarding the Ram Mandir, Lord Rama, and Ayodhya.

   The purpose of this time capsule is to ensure that the identity of the temple remains intact over time so that it doesn't get forgotten in the future. Time capsule contents are uploaded on cyberspace and various museums.
2. The temple is an earthquake-resistant structure, with an estimated age of 2500 years as per NICMAR standards.
3. The idols are made up of 60 million years old Shaligram Rocks, brought from the Gandaki River (Nepal)
4. The Bell is made of Ashtthadhatu (Gold, Silver, Copper, Zinc, Lead, Tin, Iron, and Mercury)

The Bell weighs about 2100 Kg.

The sound of the bell can be heard up to a distance of 2.5 Km.

The long term Administration of the Complex will be by L & T.

A Yogashram is coming up with music activated meditation, Dhyan centre.

And in times to come we will only be mesmerised to see how Sanatana brings prosperity in the region.

Jai Shri Ram!

এক অদ্ভুতভাবে। প্রথমে ভাবছিল রাখী, কলকাতার স্থাপত্যের তালিকা থেকে কোনটা বাছি? তা খুঁজতে খুঁজতে হঠাৎ মনে হয়েছিল, 'আরে গোটা শহরটাই তুলে আনলে কেমন হয়?' যেমনি ভাবা, তেমনি কাজ। এবারে পুজারীর বিশ্বকর্মারা লেগে পড়লেন কাজে। এবারে এই গম্বুজ সদৃশ জিনিষ স্কুলঘরে বয়ে আনা কম কম্মের নয়। সেখানেও 'জপমন্ত্র' হয়ে দাঁড়িয়েছিল 'দশে মিলে করি কাজ'-এর তৎপরতা। শেষ দিকে কাজের চাপের টেনশনে নাকি কানে তালা পরে গিয়ে ভুলভাল শুনছিল সকলে।

যখন 'কলকাতা' স্থাপিত হল স্কুলঘরে, তখন মনের অনুভব হল, 'মহৎ কিছু দেখিলে' শুধু 'উল্লাস' আসে না, চোখ চিকচিক ও করে।

ইতিহাস খুঁড়তে গিয়ে দেখা যায়, ১৯৮৬-তে পুজারী শুরু হবার সময় থেকে ২০০০ সাল অবধি পুজোর সাজসজ্জার নেতৃত্বে ছিলেন শ্যামলী দাস। শুরুতে একাই একশ হয়ে, এবং পরে একটা বড় দল নিয়ে কাজ করেন। যাঁদের মধ্যে আরতি ঝাঁ, সুতপা দাস ও স্বাগতা দত্ত সহ আরও অনেক জন শ্যামলীদির তত্ত্বাবধানে লেগে পরত সেই শিল্পকর্মে। 'উইংগস' ও ছোট প্রতিমা উঠত সেজে আর সামনে হত 'অনুষ্ঠান'। প্রতিমার চারপাশ ঘিরে হত 'চালচিত্র' তৈরী। চালচিত্রের সজ্জায় শোভা পেত অনেক রকম নকশা।

১৯৮৮-তে আবারও এসেছিল নতুন মূর্তি। সেবারের পুজোয় পেপার মুশের নতুন প্রতিমা ট্রাঙ্কে এল বিজন দাসের সঙ্গে। বয়ে আনা দ্বিতীয় মূর্তির জন্য প্রতিবছর জামাকাপড় সেলাই করেছিলেন রেখা মিত্র। মা দুগ্গা ও তাঁর চার ছেলেপিলে প্রতিবছরের পুজোতে নতুন জামাকাপড় পেয়েছিলেন সেই সময়।

২০০১-থেকে সুতপা দাস-ই দায়িত্ব নিল সাজানোর। তখনও মণ্ডপের পরিবর্তে 'মঞ্চ'-ই হয়ে উঠত 'মণ্ডপ'। আই.এ. সি. এ বিল্ডিং-এ, স্টেজের কেন্দ্রে থাকতেন মা দুগ্গা।

২০০১ সালে এসেছিল প্রথম বড় প্রতিমা। সেবারই হাতে নকশা তৈরী করে সুতপা দাস পি.ভি.সি. পাইপ দিয়ে স্টেজের ওপরই তৈরী করেছিল এগারো ফিটের এক মণ্ডপ। অন্য পুজো থেকে ভাড়াও নিয়েছিল সেই পিভিসি পাইপের কনস্ট্রাকশন। খানিকটা কলকাতার পুজোর আদলের ছোঁয়া পেয়েছিল যেন সেদিন আটলান্টাবাসী।

এভাবে বেশ কয়েকবছর ধরে পুজোসজ্জার কাজের দায়িত্ব একাই সামলানোর পর এলো সংযুক্তা হালদার ও পারমিতা দাশগুপ্ত ঘোষ। এভাবে চলল কয়েক বছর, এমন কী বাচ্চাদেরও জড়ানো হল কাজে। এরপর ধীরে ধীরে একে একে এলেন স্বাগতা দত্ত, সুতপা দত্ত, মুক্তা সাহা, টুম্পা ভট্টাচার্য, সোনিয়া নন্দী, পায়েল দত্ত, রুমা দাস, আরাধনা ভট্টাচার্য, নবনীতা দাস, রাখী নন্দী দে- যাঁরা পুজোর সাজসজ্জার নেতৃত্ব দিয়েছেন বছরের পর বছর।

অভিজিৎ হাজরার হাত ধরে এলো 'কাঠের ফ্রেম'-ও। কাজই শুধু নয়, জুড়ে গেল ছেলেরাও পুজোসজ্জার কাজে। অন্যান্য সময়ে যাঁরা টিমমেম্বার হিসেবে প্রচুর অবদান রেখেছেন, তাঁরা হলেন অভিষেক দত্ত, অনুপা চক্রবর্তী, লক্ষীপ্রিয়া গোস্বামী, সুমনা গঙ্গোপাধ্যায়, সুশান্ত সাহা, নচিকেতা নন্দী, নমিতা মুখার্জি, দেবপ্রিয়া দাস, মণিদীপা দাস, এনাক্ষী চ্যাটার্জি, সুনন্দা বসু, অরুণিমা সাহা, মধু চ্যাটার্জি, মানস দে, শুভদীপ ঘোষ, অনসূয়া দাশগুপ্ত ঘোষ, মহুয়া সাহা, সৌতিক দাস, সুনন্দা বসু, মৌমিতা ঘোষ, দিপান্বিতা সাহা, অউরবিন্দ প্রসাদ, রম্যানী দে, পুষ্পিতা চক্রবর্তী প্রমুখ।

নিরঞ্জনের বালাই নেই বলে, দীর্ঘদিনের মূর্তি সংরক্ষণ একটা সমস্যা হয়ে দেখা দিত। প্রতিমার সাজের মেরামতি করতেন যাঁরা বিনিদ্র রজনী জুড়ে, তাঁরা ছিলেন শ্যামলী দাস, রেখা মিত্র, সুতপা দাস, পারমিতা দাশগুপ্ত ঘোষ, চন্দনা ভট্টাচার্য, টুম্পা ভট্টাচার্য, দোলা রায় ও সোমদত্তা চ্যাটার্জি।

মণ্ডপ সজ্জাও হত একেকবার একেক রকম। ফোমবোর্ড ওভারল্যাপিং কাটওয়ার্ক, চুমকী, পেইন্টিং, শোলার কাজের হাত ধরে। সংযুক্তা হালদারের তারের ও নেটের তৈরী 'জবাফুল' এবং অনিন্দ্য দে-র তৈরী 'ঢাকি' সাড়া ফেলেছিল আটলান্টার জনগণমনে।

পুজোর থিমেও সময়ে সময়ে দেখা দিয়েছে নানা বৈচিত্র্য-'থ্রী ডাইমেনশন্যাল মন্দির', যামিনী রায়ের 'পোটো শিল্প, গ্রাম বাংলা, প্রযুক্তি, সত্যজিৎ রায়, ময়ুরপঙ্খী বজরা, মোটরের ভরসায় হেঁটে ঢাক বাজিয়ে চলা ঢাকি ইত্যাদি হয়ে অবশেষে 'কল্লোলিনী কলকাতা'।

শুরুর দিন থেকে গত ৩৭ বছর ধরে কলকাতাকে মনে বয়ে বেড়ানোর স্বপ্নে তৈরী হয়েছে এমনই নানা থিমের সব বিচিত্র 'কল্পসৌধ'। এবারে যেন কতটা আবেগ ভালোবাসা রয়েছে বোঝাতে, সেই বুকের মধ্যে বয়ে বেড়ানো ভালোবাসাকে বুক চিরে দেখালো এবছরের রাখীর তত্ত্বাবধানে থাকা ডেকরেশন টিম। সারা বিশ্ব দেখল যে সেখানে 'রামসীতা'-র বিকল্প হয়ে জ্বলজ্বল করছে প্রবাসীর মনে 'কল্লোলিনী কলকাতা।'

কমিউনিটি নিউজ

কল্লোলিনী কলকাতা ও পুজারীর পুজোসজ্জা

শুভশ্রী নন্দী
আটলান্টা, মার্কিন যুক্তরাষ্ট্র।

রাখী নন্দী দে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিষয় অঙ্কে, প্রথম শ্রেণীতে প্রথম। ওঁর ঘটে প্রখর বুদ্ধি; যা সে সঠিক পথে ব্যবহার করে।

যাঁরা বলেন 'আর্টস' আর 'সাইন্স' এক পাতে ভাত খায় না, তাঁদের বলি এই 'বাঘ' ও 'ছাগ'-কে রাখী এক ঘাটে জল খাওয়াতে জানে। আটলান্টার 'পুজারী'-র ডেকরেশন টিমের এবছরের 'কমান্ডার-ইন-চিফ' সে। বেশ বাঘা বাঘা কিছু প্রতিভাবান, সুভদ্র, শান্ত এবং বিনয়ী ;-এক বিশাল টিম নিয়ে ও 'কল্লোলিনী কলকাতা' নামে এক বিশাল 'প্রজেক্ট' করে দেখাল।

ওঁর বা ওঁদের কাজ নিয়ে সবাই কথা বলুক আজ, বলবেও। আমি বলব অন্য এক কথা।

পুজারীর ডেকরেশনের এক দীর্ঘ ইতিবৃত্ত রয়েছে। শুরুর দিনগুলোর সময় অনেকটাই ভার নিত অনেকের সঙ্গে সুতপা দাস। পরবর্তী সময়ে ওঁর উদ্ভাবনীতে পিভিসি পাইপ দিয়ে 'ফ্রেম'-ও হত। অভিজিৎ হাজরার আমলে এল 'কাঠের ফ্রেম'। কল্লোল নন্দী তৈরী করেছিলেন থ্রি ডাইমেনশনেল 'মন্দির-প্যান্ডেল'। স্কুল ঘরে দিব্যি দাঁড়িয়ে আছে ঘর। অনেক ইঞ্জিনিয়ারিং-এর কারসাজি। অর্থাৎ ঘরের ভেতর ঘর।

সুতপা এখন পেন্সিলভেনিয়ায়। ওঁর মুখে শুনেছি, যতবারই ও এবছরের রাখীর কাজের প্রশংসা করেছে, রাখী নাকি বলেছে, ''সবই তো তোমাদের কাছেই শেখা।'' অথচ, রাখী যবে পূজারীতে এসেছে, সুতপা ডেকরেশনের চাইতেও পুজোর আয়োজনে এবং ম্যাগাজিনের সম্পাদনার দায়িত্বে ভিড়ে গেছে।

এত গৌরচন্দ্রিকার কারণ, আমি ডাইনোসর যুগের একজন মানুষ তো! তাই বিশ্বাস করি কিছু বিনম্রতা, গুরুজনদের সম্মান এই মূল্যবোধগুলোই হয়তো একটা 'কাজ'কে 'শিল্প' করে গড়ে তুলতে পারে। নতুবা কাজ তো আমরা সবাই করি।

আর এইরকম একটি মেয়ের জন্য ভাবলাম অনুভবটি লিখেই ফেলি। 'ট্যাক্সি' থেকে ট্রাম, ট্রাম থেকে টানা রিক্স। হাইকোর্ট থেকে হাওড়া ব্রিজ, দালানের রকমারী থেকে দক্ষিণেশ্বর মন্দির.. কী নেই তাতে! ম্যাজিক কার্পেটে চেপে 'কলকাতা' যেন পৌঁছে গেছে আটলান্টায়। ভাবনার শুরুটা হয়েছিল

গল্প

কুকুরের বাবা

বাল্মীকি চট্টোপাধ্যায়
পশ্চিমবঙ্গ, ভারত

ঘাসে-ঘাসে পা ফেলে বনের মধ্যে দিয়ে যাচ্ছি। চারিদিকে পাখি ডাকছে। প্রজাপতি আর ফড়িং ডালে-ডালে পাতায়-পাতায় ঘুরে চোরচোর খেলছে। একটা গাছের নীচে শেয়াল পণ্ডিতের পাঠশালা বসেছে। সেখানে ছাগল, বিড়াল, ইঁদুর, বাঘ, সিংহ শিশুরা সুর করে নামতা পড়ছে। একটা ছাগল বোধয় শাস্তি পেয়েছিল। কান ধরে দাঁড়িয়ে লুকিয়ে-লুকিয়ে শাকপাতা খাচ্ছিল। আমাকে দেখেই ব্যা করে ছুটে এসে ওই শাকপাতা আমার মুখে ছুঁড়ে দিল।

মুখের মধ্যে শাকপাতা পড়ায় ঘুমটা চটকে গেল। চোখ খুলিনি। বুঝতে পারলাম এই বিছানায় শুয়ে থাকা অবস্থায় আমার মুখে কি সব যেন পড়েছে। সাবধানে শাক বাঁচিয়ে চোখ খুললাম। স্ত্রীর টকটকে লাল চোখ দেখলাম। সঙ্গে নাইনটি টু ডেসিবেলে অডিয়ো। এটা কী আস্তাবল? আমরা কী সব ছাগল? ক্ষেত থেকে রাজ্যের শাকপাতা নিয়ে এসেছ! পাঁউরুটি কোথায়! ডিম কোথায়? মেয়ে কি শাকপাতা চিবিয়ে জাবর কাটতে-কাটতে স্কুলে যাবে?

আগের দিন বিকেলেই আমার স্ত্রী পইপই করে বলে দিয়েছিল, পাঁউরুটি, ডিম, ধনেপাতা আর কফি আনতে। সন্ধেবেলা বাজার গিয়ে ঘোরাঘুরি করে আরও অনেক কিছু কিনে এনেছিলাম। ধনেপাতা ছাড়াও, সরষে ফুল, কুমড়ো ফুল, বেতো শাক, শালগম, ছাড়ানো কড়াইসুঁটি, এক্কেবারে কচি লাল মুলো, লটে মাছ।

সকালে মেয়ে স্কুলে যাবে। স্কুলের শেষে খেলা না কি যেন একটা আছে। ফিরতে দেরি হবে। তাই ভারী টিফিন খেয়ে পাঠানোর প্ল্যান ছিল তার মায়ের। ফ্রিজ খুলে দেখে গুচ্ছের শাকপাতা। শুধু পাঁউরুটি আর ডিম নেই।

কমরেড লেনিন বা মাও সে তুংকে একজন নাকি বলেছিলেন, ভুল হতেই পারে। তবে ভুল শুধরে নেওয়াটা বুদ্ধিমানের কাজ। ছাগল আস্তাবলে থাকে না, ঘোড়া থাকে। সেই তর্কে না গিয়ে আমি চড়াৎ করে উঠে মোবাইল খুললাম। ব্রেড জলিল। ফোন করলাম। রিং হচ্ছে। হচ্ছে। জলিল ধরল। বললাম, 'কাঁহা হ্যায় তুম? এক দৌড়ে চলা আও।' জলিল বলল, 'ফলাট নাম্বার বাতাইয়ে।' তখনই একটা চড়াই পাখি ফুড়ুৎ করে আমাদের ঘরে ঢুকে পড়ল। কাক তাড়া করেছে তাকে। আর তাই দেখে আমার মেয়ে, ছেলে, নাতনি প্রবল বিক্রমে ঘেউ-ঘেউ করে ফ্ল্যাট মাথায় করল। জলিল বলল, 'আচ্ছা, সমঝ গয়া। কুত্তা ফলাট! আ রহা হ্যায়।'

কিন্তু সমস্যা হল ব্রেড জলিল তো পাঁউরুটি দেয়। ডিমের কী হবে! তাড়াতাড়ি চোখেমুখে জল দিয়ে পাজামা গলিয়ে ছুটলাম ডিম আনতে।

সাত সকাল। দুধ, পাঁউরুটি, ডিমের খদ্দেরের ভীড়। আমি অনেক পেছনে। চেঁচিয়ে বললাম, 'আমাকে কয়েকটা অন্তত ডিম দেবে, মেয়ে স্কুলে যাবে। দেরি হয়ে গেছে।' দোকানের মালিক মেয়েটি খুব কড়া ধাঁচের। আমি তো সমাজগতভাবে একেবারেই ফেলনা। লিখে খাই। ওর ধারনা, জগতে লেখালেখি যা কিছু হয় তা ওই বড় বাজারের মহাজনের গদিতে, দেওয়ালে, রিক্সার পেছনে আর ফেসবুকে। এর কোনওটাতেই আমি লিখি না শুনে ও আমার পজিশন আরও চার ধাপ নীচে রেখেছে। অটো স্ট্যান্ডের স্টার্টার।

তারপরেও আমার ওপর ওর হাল্কা করুণা আছে। আমি খুশির বাবা। আমাকে দেখে বলল, 'তোমার মেয়েকে স্কুলে দিয়েছ! আমাদের এখানে প্রাইমারি স্কুল তো উঠে গেছে! সেখানে কুকুরের স্কুল হয়েছে নাকি! কী শেখায়! মাইনে কত!'

দ্বিতীয় ঘটনা

নাম কী?

গম্ভীর ভাবে জিজ্ঞেস করলেন ডাক্তারবাবু। আমার নাম বললাম। ডাক্তারবাবু এক সেকেন্ডের জন্য অবাক হয়ে তাকালেন। তারপর খসখস করে প্রেসক্রিপশন লিখতে-লিখতে বললেন, 'বড় অদ্ভুত নাম তো! যাক গে, সমস্যা কী!' আমি বললাম, 'হঠাৎই প্রচণ্ড পোকা হয়েছে। আর লেজের গোড়ার দিকটা একটা শক্ত মতো কী যেন হয়েছে! টিউমার গোছের। খুব চাটার চেষ্টা করছে। পারছে না। বনবন করে ঘুরছে। ঘুরতে-ঘুরতে কখনও সখনও মাথা ঘুরে ধপাস করে পড়েও যাচ্ছে।'

ডক্টর মুখার্জির ভয়ঙ্কর পসার। ফালতু কথা শোনার সময় নেই। বাইরে পেশেন্টের লাইন লেগে আছে। ফটাফট ওষুধ লিখে বেল বাজালেন, নেক্সট। আমি চেম্বার থেকে বেরিয়ে পাশের ঘরে প্রেসক্রিপশন জমা দিলাম। তিন চার জনের পর আমার পালা। এদিকে আরও বিভিন্ন মাপের পেশেন্ট থাকার কারণে বাইরেটা বেশ সরগরম। আমার মেয়ে বরাবর ভীতু প্রকৃতির। বাঁকুড়ায় মেঘ ডেকেছে, মেয়ে আমার কোথায় মাথা গুঁজবে সেই কোনা খুঁজে বেড়ায়। পুজো গণ্ডার দিনে তো পাগল-পাগল অবস্থা হয় তার। মানবের ফাটানো শব্দ-দানবের ভয়ে থরথর করে কাঁপে। কিন্তু কিছু করার নেই। বলারও নেই। কষ্টটা বোঝাবার একটাই উপায়, শুধু ফ্যালফ্যাল করে তাকিয়ে থাকা। আর বাবা, মা অথবা দিদির কোলের মধ্যে মুখ গুঁজে ভরসা পাওয়ার আশা। ফলে, অত পেশেন্টের সম্মিলিত হাঁকডাকে ঘাবড়ে যাওয়া স্বাভাবিক। ওকে গাড়িতে রেখে ড্রাইভারকে বললাম ওষুধটা নিয়ে আসতে।

মিনিট দশেক পরে ড্রাইভার ওষুধ নিয়ে এল। ছেলেটি সবে সপ্তাহ দেড়েক কাজে ঢুকেছে। আমি বললাম, 'ওষুধ বুঝে নিয়েছ তো!' ড্রাইভার বলল, 'হ্যাঁ। আপনি পেমেন্টটা করে আসুন।' আমি পয়সা মিটিয়ে গাড়িতে বসলাম। ড্রাইভারকে জিজ্ঞেস করলাম, 'বলো, কী কী ওষুধ।' ড্রাইভার বলল, 'একদিন ভাল করে সাদা শ্যাম্পুটা দিয়ে চান করিয়ে এই এসপ্রেটা লোমের ভেতর দিয়ে দিতে হবে, পুরোটা। তারপর বডি শুকিয়ে গেলে বাল্মীকির লেজে এই মলমটা দিনে দু'বার করে সাতদিন লাগাতে হবে। দশদিনের দিন বাল্মীকিকে নিয়ে ফের ডাক্তারবাবুর সঙ্গে দেখা করতে বলেছে।'

ওর কথা শুনে আমার মেয়ে খুশিরাণি অবাক হয়ে আমার দিকে তাকাল! চোখে জিজ্ঞাসা, 'বাবা, আমার মতো তোমারও লেজ আছে আগে বলোনি তো!' আমি প্রেসক্রিপশনটা খুলে দেখলাম, পেশেন্টের জায়গায় লেখা, বাল্মীকি চট্টোপাধ্যায়।

ডাক্তারবাবু কেন অবাক চোখে তাকিয়ে ছিলেন, বলেছিলেন, 'বড় অদ্ভুত নাম তো!' এতক্ষণে বুঝতে পারলাম। যাক গে, আমার সেই গোল্ডেন রিট্রিভার মেয়ে খুশিরাণি চট্টোপাধ্যায় এখন বড়দের শব্দ-বাজিকে থোড়াই কেয়ার করে। মেঘ ডাকায় তার কিস্যু যায় আসে না। বাবা মায়ের ছোট্ট কোল ছেড়ে সে যে আশ্রয় পেয়েছে প্রকৃতির বিশাল কোলে।

গল্প

তেপান্তরের মাঠ

আবু হানিফ শেখ
মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ।

ভাবলাম অনেক দিন কোথাও বেড়াতে যাওয়া হয়নি—এবার হয় তো যাব। তাই গিন্নির হাতের দুটি রুটি একটি গামছায় বেঁধে, একটি লাঠির মাথায় ঝুলিয়ে ঘাড়ে নিলাম। আর বগলে একটা ছাতা নিয়ে গায়ে একখানি ছেড়াফাঁটা গেওয়া জামা পরে বেরিয়ে পড়লাম। তখন আষাঢ় মাস। আকাশে ঘন কালো মেঘ ঘুরে ঘুরে বেড়াচ্ছে। কখন টিপটাপ করে ঝরে পড়ছে বৃষ্টি, কখন আবার মেঘের মাঝে সূর্য রশ্মি উঁকি আবার কখন বৃষ্টির শেষে মেঘের আড়ালে রামধনুর দর্শন।

মাঠের একটি আলুথালু আল ধরে যেতে শুরু করলাম। যেতে যেতে অদূরে একটি বাঁশের সাঁকো দেখতে পেলাম। সাঁকোটি সংকীর্ণ ছিল। দেখে তো ঘাবড়ে গেলাম পড়ে যাওয়ার ভয়ে। সাঁকোর খুঁটি ধরে গুটি গুটি পায়ে ডাঙ্গায় গিয়ে উঠলাম। আর তার নীচ দিয়ে খরস্রোতায় জল প্রচন্ড গতিতে ছুটছে। ডাঙায় উঠে দেখছি দূরে একটি বড়ো অশ্বত্থ গাছ। সেই অশ্বত্থ গাছ তলায় বিশ্রাম করে, জলখাবার খেয়ে আবার তেপান্তরের মাঠের দিকে রওনা দিলাম। রওনা দিতেই শুরু হয়ে গেল বৃষ্টি। মাঠের জমি গুলি থেকে কুনো ব্যাঙ আর কিছু পোকামাকড় ডাক শোনা যাচ্ছে।

আর একটু যাওয়ার পর একটি পুকুর দেখতে পেলাম। সেই হাঁটু জলে ভর্তি কর্দমাক্ত পুকুরে কিছু ছেলেমেয়েরা মাছ ধরছে। জমি গুলির সমস্ত মাছ জলের সঙ্গে পুকুরে এসে জমা হয়েছে। কাদাখোঁচা, গুচি, ভেদে, কই ইত্যাদি মাছ। তাদের দেখে আমিও মাছ ধরতে নেমে পড়লাম। তাদের মধ্যে একটি ছেলে বলে উঠলো "আপনাকে তো অচেনা অচেনা লাগছে। আরে বাপু আমি তো তোমাদেরই একজন। এতো খটকা কিসের"? আমিও বেশ গুটি কয়েক মাছ ধরে ফেলেছি, মাছগুলি নিয়ে কাছের একটি নলকূপের কাছে গেলাম। সঙ্গে সন্ধে হয়ে এলো। নলকূপের কর্মীর সঙ্গে রাত্রে রান্নাবান্না করে খেয়ে সকালে একটি ক্যানেলের পাড় দিয়ে হেঁটে চললাম। দেখছি কত সব রঙবেরঙের বিষধর সাপ শাঁখামুটি, কেউটে, গোসাপ ইত্যাদি। আর গোখরো সাপের গর্জন শুনে তো ভয় পেয়ে গেলাম। আর ওই ক্যানেলে ছোট সাঁকোর মুখে জাল পেতে রেখেছে।

মাঠের মাঝের রাস্তা বোরগাছিতে এক গেরস্থ তিনকড়ি বলল "ও ভাই আমার একটি জমিতে ধান লাগিয়ে দিবে? হ্যাঁ, কত দিবেন? একবার জলখাবার আর দুইশো টাকা। ধানের চারা গোছাতে গোছাতে চটপট করতে করতে বৃষ্টি হয়ে আবার দূরে চলে গেল। গেরস্থ বলছে "ওই দেখো বাগমুন্ডির মাঠে কী বৃষ্টি হচ্ছে?" বলতে বলতে "হঠাৎ আমাদের কাছ থেকে বৃষ্টি হয়ে চলে গেল অথচ আমাদের শরীরটা ভিজলো না। আমি তো একটা হাত বাড়িয়ে দিয়ে ছিলাম, হাত ভিজলো কিন্তু শরীর ভিজলো না"। এ হল এক ঈশ্বরের মহিমা। ঈশ্বরের মহিমা দেখতে গেলে শত শত বছর বেঁচে থাকার দরকার নেই। তার জন্য কপাল করে আসতে হয়। কাজ কর্ম করে আবার যাত্রা শুরু করলাম।

ওই ও অদূরে দেখা যাচ্ছে তেপান্তরের মাঠ। বর্ষার হাঁটু জলে কর্দমাক্ত আগাছা যুক্ত জমি। অবশ্যই জমিটি ধান রোপন করার জন্য তৈরি রেখে ছিল। দেখছি বেশ কিছু নাম না জানা, অনেক রংবেরঙের পাখি। রাতের আকাশে জ্যোৎস্নার আলো পাখির পালকে পড়ে যেন সোনালী রূপ ধারণ করেছে। আর পাখিগুলি কাদার পোকা ধরে ধরে খাচ্ছে। দেখে তো আমার মন আনন্দে ভরে উঠল। একবার ভেবে দেখলাম এই রাতের নির্জনে পাখির কলরবের মধ্যে বৌটা যদি সঙ্গে থাকতো কতই না ভালো লাগতো। সঙ্গে একটা ক্যামেরা থাকলে স্মৃতিটা ক্যামেরা বন্দি করে রাখতাম।

ভাবলাম সেখানে যাওয়ার পর হয় তো তেপান্তরের মাঠ খুঁজে পাব। কিন্তু এখানে নয়, হয় তো আর একটু দূরে। কিন্তু তিন দিন সফর করার পরেও খুঁজে পলাম না সেই তেপান্তরের মাঠ। কিছু দূর হেঁটে যাওয়ার পর, দেখছি গাঁ ঘেঁসে যাওয়া মাঠের প্রান্তর। এটি ছিল মাঠের সবচেয়ে নীচু প্রান্তর। যেখানে হাঁটু জলে ভর্তি জমিতে শালুক শ্যাওলা, কচুরিপানার বন, জলের নীচে কাঁকড়া, শামুকের বাস। আর সেখানেই আগাছার আড়ালে এক বাগদী বুড়ি গুগলি তুলছে। আমি বললাম গুগলি কী হবে? কী আর হবে তিনদিন পেটপুজো হয় নি। গুগলি তুলবো না তো কি আর করবো। পকেটে কয়েকশো টাকা ছিল। পকেট থেকে একশো টাকার নোট বের করে তার হাতে ধরিয়ে দিয়ে বললাম "চলো সারাদিন খেটে খুটে এসে, এক মুঠো ভাত রান্না করে দিলেই হবে"। মাঠের প্রান্তে কাশিপুরে তার বাড়ি নিয়ে যায়। সে তেপান্তরের মাঠ খুঁজে না পাওয়ায় মাঠ বেড়িয়ে রোজগার করে বাগদী বুড়িকে দেয়। এই ভাবে থাকতে থাকতে বেশ কিছুদিন কেটে যায়। তার বৌ ছেলেদের ভুলে গিয়ে বাগদী বুড়ির সঙ্গে নতুন সম্পর্ক করে নেয়।

দুপাশেও যথেষ্ট ছাড়। শহরে সচরাচর এমনটা দেখা যায় না। ছাড় জায়গা নানা গাছে ভরা। এ বাড়ির কর্তা, প্রয়াত রেবতিমোহন গাছপালা বড় ভালবাসতেন। বাড়ির পিছনেও একটা গেট। তবে তা ছোট। তার ওপারে একটা বড় জলা-জায়গা। চারদিকের বাড়ির ময়লা আর আবর্জনা ওটাকে গ্রাস করছে। সৌন্দর্য নষ্ট হচ্ছে। প্রকৃতি নিধনের দগদগে ঘায়ে ভরে উঠছে। এলাকার ফুসফুসের ক্রিয়া বন্ধ হওয়ার অবস্থা।

চোর ওই পেছনের গেট দিয়ে ঢোকে। তাড়া খেয়ে সামনের গেট দিয়ে পালায়। জলাভুমির গা ধরে গলি পর্যন্ত চলে যাওয়া রাস্তাটা সরু। বিপজ্জনক। সম্ভবত ওই জন্যই চোর ওপথে দৌড়ে পালানোর রিস্ক নেয়নি। ব্যালেন্স হারিয়ে জলায় পড়ে যায় যদি! এর থেকে অনুমান হয়, চোরটা সাঁতার জানে না। জানলেও বুঝেছে, ওই বদ্ধ জলায় সাঁতার কোনও কাজে লাগবে না। উল্টে ধরা পড়ে পাবলিকের হাতে মার খেয়ে মরতে হবে। এ বাড়ির সবাই ড্রইংরুমে বসে ভারত অস্ট্রেলিয়া ওয়ানডে ক্রিকেটে ম্যাচ উপভোগ করছিল। শচীন একটা বিশাল ছক্কা হাঁকানোর পরেই ঝুপ করে অন্ধকার নেমে আসে। লোডশেডিং! রন্টি বোসের ভাইঝি স্মিতা টিভির সামনে থেকে উঠে নিজের ঘরে ঢুকে বিছানায় শরীরটা এলিয়ে দেয়। ভরা পূর্ণিমার ঢলঢলে চাঁদ এখন থেকেই কিরণ ছড়াতে শুরু করেছে। ঘরের ভেতরটায় পাতিকাকের কণ্ঠার মতো আলো। দক্ষিণের ফুরফুরে হাওয়াও দিয়েছে খুব। বেশ লাগছিল স্মিতার। খানিক বাদে হঠাৎ স্মিতার চিৎকার। বলে ওঠে, না! চিৎকারটা ছোট্ট অথচ তীক্ষ্ণ। যেন কোনও একটা ব্যাপারে তার প্রবল আপত্তি। আর ঠিক তখনই আলো চলে আসায় চোরটা দিশাহারা হয়ে সামনের গেট খুলে দৌড়ে পালায়। বাড়ির সবাই শঙ্কিত হয়ে স্মিতার ঘরে ঢোকে। সবার আগে স্মিতার মা মিতা, কী হয়েছে রে স্মিতা, অমন চিৎকার করে উঠলি কেন? কোনও কিছুতে ভয় পেয়েছিস?

হ্যাঁ মা!

কীসে?

না মানে! ইতস্তত স্মিতা।

এই হ্যাঁ, এই না! তাহলে ওরকম চিৎকার করে উঠলি যে? রন্টি বোস একরকম চেপে ধরে স্মিতাকে।

স্মিতা কিংকর্তব্যবিমূঢ় একরকম। মিয়ানো গলায় অস্ফুট বলে, চোর!

চোর? কোথায়?

ওই জানলার ওপারে ছিল। আমি চিৎকার করে উঠতেই পালিয়ে গেল!

তাহলে ওই ধুপধাপ পায়ের আওয়াজটা আমাদের বাড়ির ভেতরেই হচ্ছিল! কী সর্বনাশ! বলেই রন্টি বোস, চোর চোর, ধর ধর..., বলতে বলতে বাড়ির বাইরে বেরিয়ে আসে। ওই শুনে পাড়ার সবাই ওর পাশে দাঁড়াতে হৈচৈ করে বেরিয়ে পড়ে।

এদিকে মিতা মেয়েকে শক্ত করে জড়িয়ে ধরে উৎকণ্ঠিত গলায় জিজ্ঞেস করে, হ্যাঁ রে, চোরটা কি কিছু হাতাবার জন্য জানলা দিয়ে হাত বাড়িয়েছিল?

হ্যাঁ মা, আমার এই গলার চেনটা নেওয়ার জন্য...,আমি ঘাড় ঘুরিয়ে কাৎ হয়ে শুয়ে ছিলাম। হঠাৎ আমার গলার কাছটায় একটা কিছুর টাচ্ পেতেই চিৎকার করে উঠি। তক্ষুনি দেখলাম একটা হাত জানলার বাইরে ঝট করে সরে গেল। আমতা আমতা গলায় বলে, দেখ তো মা, গলার নীচটা দিয়ে শয়তানটার নখের আঁচড় লেগেছে কিনা? কেমন জ্বালা জ্বালা করছে!

সতেরো বছরের তন্বী স্মিতা ওর মড়াল গ্রীবা মায়ের দিকে এগিয়ে দেয়। মিতা খুঁটিয়ে দেখে। রাগে ফুঁসে উঠে বলে, এতদুর পর্যন্ত হাত বাড়িয়েছিল? কত্ত বড় সাহস, এ্যাঁ!

না, কোনও ক্ষতচিহ্ন পায় না মিতা। স্বস্তির শ্বাস ফেলে। পুরো এক ভরির সোনার চেন। গেলে কী সর্বনাশটাই না হত। কিন্তু আজ নিতে পারেনি বলে যে আবার চেষ্টা করবে না তার কী গ্যারান্টি আছে। পুরোপুরি শঙ্কামুক্ত হতে পারছে না মিতা। দেওর রন্টি বোস যে এরকমই একটা ছেলেকে লোডশেডিং-এর মধ্যে কয়েকদিন বাড়ির কাছেপিঠে ঘুরঘুর করতে দেখেছে সে কথাও বলে মিতা। সন্দেহ হলেও অতটা গা করেনি তারা।

ভিড়ের মধ্যে থেকে এক বৃদ্ধ বলে, চোর, সে আবার কিনা হাসতে হাসতে পালাচ্ছে, ভাবা যায়! কী যে দিনকাল পড়েছে।

আরেকজন ভিড়ের একপাশে সাইকেলের ওপর বসা। এক পা মাটিতে। বলে, আজকাল এই একটা ট্রেন্ড হয়েছে, চোর হাসতে হাসতে পালায় যাতে পাবলিক সন্দেহ না করতে পারে। এরকম কেস আমি নিজেই কটা দেখেছি। প্রত্যয়ী গলা তার। আরও বলে, ধরা পড়লে ব্যাটা তোর হাড়গোড় কি আস্ত থাকত! কিন্তু বৌদি, আপনি চোরের চেহারার যা বর্ণনা দিলেন তাতে করে তো মনে হচ্ছে অবস্থাপন্ন ভাল ঘরেরই ছেলে।

অন্য একজন বলে, তাতে কী, ড্রাগ অ্যাডিক্টেড, পাতাখোর হতে গরীব বড়লোকে পায় না। ওই নেশার টান এমনই হাতটান পড়লে যেকোন উপায়ে পয়সা জোগাড় ওরা করবেই।

ষাটোর্ধ্ব, পরনে ধুতিপাঞ্জাবি, মুখে জর্দাপান, ওয়ার্ড মেম্বার গজানন দত্ত, সঙ্গে সাঙ্গপাঙ্গ নিয়ে হাজির। রন্টি বোস ওদের নিয়ে বাড়ির ভেতরে ঢুকে গেল। সঙ্গে ভিড়ের একটা অংশ। ড্রইংরুমে বসে স্মিতার মুখ থেকে পুরো ঘটনাটা শুনলেন গজানন দত্ত। বেশ চিন্তিত দেখাচ্ছে তাকে। আশ্বাস দিলেন, ছিঁচকে চোরের এই উপদ্রব তিনি বন্ধ করবেনই। তাঁর দলের ছেলেরা এখন থেকেই নজরদারি চালাবে। পাড়ার লোকেদেরও সহযোগিতা চাইলেন। স্মিতাকে অভয় দিলেন।

পাড়ার লোকেরা দায়িত্বসচেতন হয়ে ওঠে। আজ বোস বাড়ি চোর পড়েছে কাল আরেক বাড়িতে পড়তে কতক্ষণ! সুতরাং সবাইকে সজাগ থাকতে হবে। বিশেষ করে লোডশেডিং-এর সময়টায়।

এতগুলো লোকের সামনে বসে স্মিতা। বিড়ম্বনার এক শেষ অবস্থা তার এখন। কেন যে সে চিৎকারটা করতে গেল! পাড়ায় এই নিয়ে কদিন চলবে। কতজনের কত যে কৌতূহল নিরসন করতে হবে! চিৎকার না করে ঝটকা দিয়ে হাতটা সে সরিয়ে দিতে পারত কিংবা হাতটায় কষে একটা থাপ্পড় বসিয়ে দিতে পারত। যদিও এখন সে এতকিছু ভাবতে পারছে, আসলে এমন ঘটনা তার জীবনে এই প্রথম..., তাই শঙ্কাভরা এক ভয় ভয় থেকেই সে চিৎকার করে উঠেছিল।

বাইরের লোকেরা সবাই একে একে বিদায় নিলে স্মিতা ওর মাকে নিজের ঘরে ডেকে নেয়। বলে, শোনো মা, এটা নিয়ে আর বাড়াবাড়ি করা আমি একদম চাইছি না। ও কিছু নিতে তো পারেনি! আর যা তাড়া খেয়েছে মনে তো হয়না আর কোনও দিন এ মুখো হবে।

মিতা কী বুঝে মেয়ের মন জুগিয়ে বলে, তুই যা চাইছিস তাই হবে। তবে এবার থেকে লোডশেডিং-এর সময় ঘরে সাবধানে থাকবি।

দুই

অনেক রাত। চাঁদের সমুদ্রে ভেসে যাচ্ছে স্মিতার ঘর। তাতে অজস্র ডিঙি নৌকোর মতো গাছের পাতার ছায়া মিষ্টি হাওয়ায় দুলছে। স্মিতা যেন ওরকমই এক ডিঙি নৌকোর যাত্রী। পাড়ি দিচ্ছে নতুন এক জীবনের পথে। মনের এক প্রবল উচ্ছল তাড়নায় সায়নকে মোবাইলে না ধরে পারে না। বলে, জোর বাঁচা বেঁচে গেছ আজ তুমি। বড্ড সাহস বেড়েছে না তোমার! আবার কি-না হাসতে হাসতে পালানো হয়েছে, কী বেআক্কেলে! চোর কোথাকার..

কপট রাগে চোরকে বিদ্ধ করতে থাকে স্মিতা।

ওই প্রান্তে চোর অনাবিল উদাত্ত হেসে ওঠে। বলে, তোমার আঠারো হতে দাও, দেখবে এই চোর তখন কেমন ডাকাত হয়ে ওঠে! হা হা হা...

গল্প

চোর

অসিত কর্মকার

কলকাতা,পশ্চিমবঙ্গ

বড় বড় পা ফেলে দৌড়ে পালাচ্ছে চোর। ফর্সা, সৌম্যদর্শন। দীর্ঘ, সুঠামদেহী যুবক। বয়স কুড়িএকুশের উপরে নয়। পরনে নেভি ব্লু ফেডেড জিন্স, হালকা আকাশী টিশার্ট, শক্ত করে ফিতে বাঁধা স্নিকার। পা ফেলার মধ্যে এমন এক ছন্দময় ভাব মনে হয় যেন ও এক দৌড়বিদ।

ফাল্গুনের সন্ধ্যা। মৃদুমন্দ হাওয়ায় ভাসছে চারিদিক। সবে লম্বা লোডশেডিং থেকে অব্যহতি পেয়েছে এই শহরতলি। হৈ দিয়ে ঘরে ঘরে আলো জ্বলে উঠেছে। বাতিস্তম্ভের নরম আলোয় মায়াময় গলিপথ, তস্য গলি। এ দিকটায় এখনও গুটিকয়েক প্লট খালি পড়ে আছে। তাতে শিরিষ, মাদার, সজনে গাছ ছড়িয়ে ছিটিয়ে দাঁড়িয়ে। ঝোপঝাড়। ওগুলোর ছায়া এসে পড়েছে গলিতে। ওপারটা দিয়ে ফ্ল্যাট বাড়ির সারি। সায়ন্তিকা, রাগ অনুরাগ, তপস্যা, আশাবরী, ছন্দম। গলিপথে কিছু মানুষজন, রিক্সা, সাইকেল, গোটাকয় চারচাকাও। এসবের মধ্যে দিয়ে চোরটা নির্ভয়, নিশ্চিন্তে পালাচ্ছে। মুখে এক গাল হাসি। হাসতে হাসতে পালাচ্ছে চোর। এই মনোরম পরিবেশে ভারি দৃষ্টিনন্দন এই পলায়ন। কেউ তাকে ধরে ফেলার চেষ্টা করছে না। প্রয়োজনও বোধ করছে না। বরং অনেকে মৃদু হাসছে। কেউ কেউ মুগ্ধ চোখে ওর দৌড় দেখছে। অথচ পেছন থেকে এন্তার চিৎকার ভেসে আসছে, চোর... চোর, পালাল... পালাল, ধরুন ওকে, ধরুন...!

এই চিৎকারদলের পান্ডা মোড়ের মাথার বোসবাড়ির ছোট ছেলে রন্টি বোস। বয়স বছর ত্রিশেক। হাতে মোবাইল। গলায় আর হাতে সোনা। পরনে বারমুডা প্যান্ট, সাদা টিশার্ট, হাওয়াই চটি। চিৎকার করার দলটা কিন্তু চোরের পেছনে দৌড়চ্ছে না। শুধু অন্যদের বলছে ওকে ধরার জন্য। তাতে চোর বুঝে গেছে এদের দৌড় কত দূর! ফলে এমন প্রশান্ত চিত্ত ওর। পুরো ব্যাপারটা দেখেটেকে পথচারিরা মনে করছে, এ নেহাতই বন্ধুদের মধ্যে মজা করা। কয়েক মুহূর্তের মধ্যে চোর দূরের এক গলিতে ঢুকে কোথায় মিলিয়ে গেল।

বোসবাড়ির গেটের সামনে এখন ভিড়। কোলাহল। চোরকে হাতের নাগালে পেয়েও ধরা গেল না। তা নিয়ে আপশোস, নানা কথা আর মতামত। অনেকে প্রবল কৌতূহলী। সবিস্তারে ঘটনাটা শুনতে চাইছে। রন্টি বোস মোবাইলে ওয়ার্ড মেম্বার গজানন দত্তকে ধরবার চেষ্টা করছে। সয় সন্ধ্যাবেলায় লোডশেডিং এর সুযোগ নিয়ে..., এলাকায় কি শান্তিতে বসবাস করা যাবে না! ল এ্যান্ড অর্ডার বলে কি কিছু নেই! হচ্ছেটা কী এসব!

এর একটা বিহিত করে ছাড়বেই রন্টি বোস!

রন্টি বোসের বৌদি মিতা গেটের গ্রিল ধরে দাঁড়িয়ে ভিড়ের কৌতূহল নিরসন করছে। বাঙ্কি চেহারার ছোটখাটো মহিলা। পরনে ফুল ফুল ছাপের ম্যাক্সি। ঘরে কোনওরকম অন্তর্বাসহীন, খোলামেলা হয়েছিল। বাইরে বেরিয়ে আসার সময় চট্ করে একটা বড় তোয়ালে কোমরে জড়িয়ে অন্য প্রান্তটা বুকের উপর ফেলে নেয়। বলছে, সে এক কান্ড!

সামনে পেছনে অনেকটা ফাঁকা জায়গা রেখে বোসবাড়ি। দোতলা।

কবিতা

পূর্ণতা

অন্বেষা আচার্য
পশ্চিমবঙ্গ, ভারত।

প্রত্যাশাগুলো প্রত্যাশা হয়ে থাক—
যন্ত্রনাগুলো এঁকে যাক ছায়া চিত্র;
অনন্ত মরু একলাই পার করতে
পূর্ণতা পেল সংযোগে থাকা বৃত্ত।

পার হওয়া যায় একলা বিষাদ সিন্ধু—
সিন্ধু সারস জলের প্রেমেই মগ্ন,
সম্পর্কের টানা ছেঁড়া শেষ করতে
মনের জাহাজ অকুল সাগরে ভগ্ন।

পেছনের ডাক পেছনেই থাক নিশ্চুপ—
সামনের পথ না হয় অজানা অদ্ভুত;
ঘর ছেড়ে পথ আপন হলেও সত্যি
অমৃত গরলে পূর্ণ হৃদয় সম্পুট।



বল তো?

সুমাল্য দাস
পশ্চিমবঙ্গ, ভারত।

যত বলি চুপ থাক, চুপ করে বস তো!
এই নে অঙ্কটা ঝট্ করে কর তো?
ফ্যাল লিখে ঠিক ঠিক লামার্কের তত্ত্ব।
শোলা কোন জলে ভাসে? ভাসনের শর্ত?

এখনও বলছিস কথা? ঠিক আছে বল তো-
কোন ডাব কচি হয়? কোন লুচি ফুলকো?
কানকো কার থাকে? কোথা আছে মস্কো?
মৌমাছি 'অলি' কেন? ফুল কেন পুষ্প?

ভূতনাথ কাকে বলে? ভেদ নীতি শিখেছিস?
ফিটবাবু কাকে কয়? ফাদিং জেনেছিস?
ফার্মেসিষ্ট কি করে? কাকে বলে ফোনিটিকস্?
মিল খুঁজে পাবি কি পেটোয়া আর পলিটিক্স?

বোল কেন তবলায়? বোকা ছেলে ক্যাবলায়?
সেনেদের কোন মামা গিয়েছিল সিমলায়?
মাথা কেন মস্তক? শির কেন মুণ্ডু?
শশী কেন শশধর? নীর কেন অম্বু?

বাজ কেন গর্জায়? কি আছে পটকায়?
কুলু কুলু ভরা নদী এঁকে বেঁকে কোথা যায়?
কোথা গেলে পাবে তারে? শান্তি কোথা রে?
সজাতি কারে কয়? সপ্তক জানা রে?

রেগে গেলে হাত কাঁপে, মাথা কাঁপে-তাই চুপ করলাম।
লিখে ফ্যাল ঠিক ঠিক প্রশ্ন যা করলাম।
আরও আছে কত কী! কে, কি, কবে, কোথায় কত!
বল তো? কেমন করে? কোথায়-কিভাবে প্রশ্ন শত শত।'

কবিতা

উপেক্ষাবালিকা

রুমা তপাদার
পশ্চিমবঙ্গ, ভারত।

কতদিন পরে কতকাল আরও—
সামান্য ছায়ার কাছে এসে বাতাস বলেছে;
যেও না ওদিকে অন্তরালে যাও—
তফাৎ তফাৎ! যা দেখার নয় তাকে শোনা পাপ।
যা শোনার নয় তাকে সাদরে ধারণ করো
ধারণ করার নয় যা কিছু বাউলসুরে ছেড়ে দাও আকাশে আকাশে
উপেক্ষাবালিকা তুমি, শূন্যতা গ্রহণ করো
চোখে জল এলে ফেলো না মাটিতে।

আগুনে পুড়িয়ে দাও দেখো দপ্ করে জ্বলে উঠবে অসহায়—
তুমি ভাববে মৃত্যু পুড়ছে, ওদিকে তৎক্ষণাৎ জন্ম পুড়ে ছাই...

Vishnupriya
New Jersey, USA.

1.

The Sea is my Mirror

The sea is my mirror
Ask the waves and they'll tell you;
when I sit by the sea I feel the love–
of its rise and fall, Its highs and lows–
its cresting and ebbing, my story entwined,
ever since I throbbed to its rhythm.
in the water resting quiet in Mama's womb–
I see water and snow and ice and feel love;
that melts everything as I touch the warmth–
Warm in its touch of life washing over me.

2.

The Veil

Fear and guilt both died yesterday–
And the veil between us became sheer;
I arrived at truce with myself–
Though the world maybe at war–
I learned that the sword is a tool,
To row the boat to calmer waters
And the shore of love.

ধরণের পোকা ঝাঁকে ঝাঁকে এসে জঙ্গলের একটি অংশের গম গাছগুলিকে প্রায় ঢেকে ফেলেছে! কিন্তু অন্য অংশে তারা তখনো পৌঁছোয়নি! অচিরেই পোকার আক্রমণে গম গাছগুলি প্রায় সব গাছগুলি ধ্বংস হল! কিন্তু আশ্চর্যভাবে পরেরদিন পোকাগুলি জঙ্গলের অন্য অংশের গম গাছগুলিকে আক্রমণ করেও তাদের কোন ক্ষতি করতে পারল না! আমরা বিস্মিত হয়ে গেলাম! তারা কী করে প্রতিহত করল ঐ ভয়ংকর পোকার আক্রমণ! একেবারে কাছে গিয়ে গাছগুলিকে পরীক্ষা করে দেখলাম, গাছের গায়ে এক ধরণের কেমিক্যাল ক্ষরণ হয়েছে! সেই কেমিক্যালের গন্ধেই পোকারা পালিয়ে গেছে! তাহলে প্রথম গাছগুলিতে এই কেমিক্যাল ক্ষরণ হল না কেন? গভীর আলোচনা করে অবশেষে আমরা সিদ্ধান্ত করলাম যে নিশ্চয়ই প্রথম গাছগুলি পোকার আক্রমণের কথা জানত না, তাই প্রস্তুতি নিতে পারেনি! এরপর প্রথম গাছগুলি মরার আগে পরের গাছগুলিকে কোনভাবে বার্তা পাঠায় এবং পরের গাছগুলি কেমিক্যাল ক্ষরণ করে বেঁচে যায়! কিন্তু কী ভাবে পৌঁছল এই বার্তা? আমাদের তৈরি সেন্সরে মাটির ওপরে কোন ধরণের বিশেষ সংকেত বা ভাইব্রেশন ধরা পড়েনি! তবে কি, তবে কি মাটির নীচে লুকিয়ে আছে এর রহস্য? বেশ কিছুদিনের চেষ্টায় আমরা রুট সেন্সর তৈরী করতে সমর্থ হই এবং আবিষ্কার করি মাটির নীচে এক আশ্চর্য জগত যেখানে গাছের শিকড়ে শিকড়ে গভীর সখ্য! এক শিকড় থেকে অন্য শিকড়ে পৌঁছে যায় অব্যর্থ বার্তা! আশ্চর্য বিষয় হল, এই শিকড়েরা নিজেদের মধ্যে রীতিমত কনফারেন্স করে! সেখানে আলোচনা হয়, আশপাশে কোন গাছ মরতে চলেছে! সেই গাছকে খবর পাঠানো হয়, যাতে সে তার রিসোর্সগুলি এবং নিউট্রিয়েন্টস দিয়ে যায় তার প্রতিবেশীদের! আবার কোন গাছ যদি নাইট্রোজেন জাতীয় নিউট্রিয়েন্টের অভাবে ভোগে, অন্য গাছের শিকড় সেগুলি পৌঁছে দেয় তার কাছে! কিন্তু দুঃখের কথা এ বিষয়ে আরো অনেক গবেষণা দরকার। আমাদের পেপারটি বিজ্ঞানীরা হেয় করায় সেই গবেষণা আজও এগোয়নি। এগোলে আজ বহু সবুজ ভূমি উষর মরুভূমিতে পরিণত হওয়া থেকে রক্ষা পেতে পারত!"

এতক্ষনের নিস্তব্ধতা হঠাৎ ভেঙ্গে পড়ল তুমুল হর্ষধ্বনিতে। সামনের সারিতে বসে থাকা বিজ্ঞানীদের কাছ থেকে অজস্র প্রশ্ন সম্বলিত কাগজ এসে পৌঁছতে লাগল ডঃ চ্যাটার্জীর কাছে। তিনি হঠাৎ উঠে দাঁড়িয়ে বললেন "আশা করি ভবিষ্যত বিজ্ঞানীরা এই পৃথিবীর প্রয়োজনেই আমার গবেষণাপত্র অভিনিবেশ সহকারে পড়ে দেখবে! আজ মানবজাতিকে রক্ষা করতে পারে একমাত্র গাছ! তাই এত প্রশ্নের মধ্যে আমি কেবল একটি বিষয়ের উত্তর দেব আজ! আমার সর্বশ্রেষ্ঠ আবিষ্কার ডিসট্রেস সেন্সর কীভাবে বাঁচাতে পারত একটা গোটা পাহাড়ী গ্রামকে, সেই গল্প বলি!

২০৩০ সাল। আমি স্টেটসে একটি ইউনিভার্সিটিতে পড়াচ্ছি! ইউনিভার্সিটির ছেলেদের নিয়ে এডুকেশনাল এক্সকারশনে গিয়েছিলাম উটাতে। তুমুল শব্দে বয়ে চলেছে পাহাড়ী নদী। নদীর ধারে ঢালু পাহাড়ে নানা রকম গাছ! আসেপাশে ছড়ান ছিটান লাল টিনের ছাদযুক্ত গ্রামের বাড়ি রয়েছে, যাদের অন্যতম জীবিকা জঙ্গলের গাছ কাটা! লরি এসে কাটা গাছ নিয়ে চলেছে! অনেক জায়গায় নেড়া হয়ে এসেছে পাহাড়! কয়েকটি গাছ বিশ্রীভাবে ঝুলে রয়েছে নদীর ধারে! একদিন চুপ করে নদীর ধারে বসেছিলাম! আমার পাশের ঝুঁকে থাকা বার্চ গাছটা অনেক কষ্টে শিকড় দিয়ে খামচে ধরে আছে নদীর পাড়ের মাটি! হঠাৎ মনে হল গাছটা ফিসফিস করে আমাকে বলছে 'জান, কাল এই গ্রামটা আর থাকবে না! আমিও থাকব না!' চমকে তাকালাম গাছটার দিকে! আমি ঠিক শুনছি তো! কী মনে হতে ছাত্রদের বললাম, আমার সদ্য আবিষ্কৃত ডিসট্রেস সেন্সরগুলো সেখানকার গাছে ফিট করে দিতে! রাতে আমরা তাঁবুতে শুয়ে পড়েছি! গভীর রাতে ডিস্ট্রেস সেন্সরগুলো থেকে কেমন জোর গোঙানির মত আওয়াজ হতে লাগল! আমাদের ঘুম ভেঙ্গে গেল! আমরা ছুটে বেরলাম! এক অজানা আশঙ্কায় বুক ধড়ফড় করতে লাগল! সবাই ছুটে গেলাম কাছাকাছি পুলিশ স্টেশনে! তাদের প্রাণপণ বোঝাতে লাগলাম গ্রামের লোকজনকে সরিয়ে নিয়ে যাওয়ার জন্য! তারা আমাদের পাগল ভাবল! তখন আমরা তাঁবু গুটিয়ে নীচে চলে এলাম! পরদিন শুরু হল বীভৎস ধ্বস! পাহাড়ের ওপর থেকে খসে পড়তে লাগল ভারী ভারী পাথর! যখন আমরা ওখানে গেলাম, সব বাড়ি মাটিতে মিশে গেছে! নদীর ধারে ঝুঁকে থাকা একটা গাছও আস্ত নেই! নেই আমাদের সেই বার্চ গাছটাও! হায় আমরা যদি গাছেদের সেই গোঙানির দিকে নজর দিতাম! তারা টের পেয়েছিল ধেয়ে আসা ধ্বসের বার্তা!"

ইউনাইটেড নেশন্সের এনভায়রনমেন্ট অ্যাওয়ারনেস পুরস্কারে প্রথমবার ভূষিত হলেন বিজ্ঞানী তরুময় চ্যাটার্জী। তাঁর চোখে জল! তিনি শুধু বললেন "পৃথিবীর বর্তমান অবস্থা দেখে আমি আজ বড় দুঃখী! তোমরা মনে রেখো বিজ্ঞানই যদি পৃথিবীর এ অবস্থা করে থাকে, একমাত্র বিজ্ঞানই তাকে উদ্ধার করতে পারবে। আমাদের সবার তার জন্য কাজ করতে হবে। গাছেদের ভাষা বোঝার চেষ্টা কর! কৃত্রিম বৃষ্টি তৈরীর কথা ভাব! ওজন স্তর সেলাই করার কথা ভাব! বিজ্ঞানের কাছে কোন কিছুই অসম্ভব নয়!"

গল্প

মর্মর

তপশ্রী পাল
কলকাতা, পশ্চিমবঙ্গ।

২০৫০ সাল। সুইডেনের স্টকহোম শহরে ইউনাইটেড নেশন্স আয়োজিত ''আর্থ সামিট'-এ আজ ভাষণ দেওয়ার কথা বিখ্যাত ভারতীয় বিজ্ঞানী ডঃ তরুময় চ্যাটার্জীর। ডঃ চ্যাটার্জী বেশ কয়েকটি যন্ত্রের আবিষ্কারক, যা ইতিমধ্যেই বিপ্লব এনে দিয়েছে মানুষের তথাকথিত চিন্তা ভাবনায়। এড়ানো গেছে বেশ কিছু পরিবেশ সংক্রান্ত মারাত্মক বিপর্যয়! আধুনিক যান্ত্রিক পৃথিবীতে যথেচ্ছ প্রাকৃতিক সম্পদ অপব্যবহারের ফলে ইতিমধ্যেই পৃথিবী সম্পূর্ণ অন্য রূপ ধারণ করেছে।

পৃথিবীর ওজন স্তর ছিঁড়ে যাওয়ায়, মানুষকে অতিবেগুনী রশ্মি প্রতিরোধ বর্ম পরে বাইরে বেরোতে হয়। প্রতিটি মানুষের মুখে দূষণ ও ভাইরাস প্রতিরোধক মাস্ক!

এই পরিস্থিতিতে ডঃ চ্যাটার্জীর কাজ অসম্ভব গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে! ইউনাইটেড নেশন্স ঘোষণা করেছেন তাঁরা ডক্টর চ্যাটার্জীকে বিশেষ পুরস্কারে ভূষিত করবেন এবারের সামিটে, যেটি নোবেলের সমকক্ষ! ডঃ চ্যাটার্জী এমন একটি সময়ে জন্মেছিলেন যখন পৃথিবীতে জল এবং অক্সিজেনের কোন অভাব ছিল না। অভাব ছিল না সবুজ বৃক্ষরাজির, সুগভীর অরণ্যের!

অশীতিপর ডঃ চ্যাটার্জীর পরণে সম্পূর্ণ ভারতীয় পোশাক! পিছনে পর্দায় দেখা যাচ্ছে পুরোনো কিছু ছবি! একটি একতলা বাড়ির পিছনের বড় বাগানে একটি শিশু আর সঙ্গে একজন মানুষ, সম্ভবতঃ মালি! এখন কোথায় এমন খোলা বাগান আর কোথায় বা মালি? দেশলাইয়ের বাক্সের মত অজস্র বহুতলে, কারো বাগান এমনকি খোলা ছাদও নেই।

ডক্টর চ্যাটার্জী শুরু করলেন ''সমবেত ভদ্রমহোদয় ও মহিলাগণ, সবাইকে বিশেষ ধন্যবাদ জানাই আমার কাজকে মর্যাদা দিয়ে আজ এখানে ডাকার জন্য। এ আমার ছোটবেলার ছবি! পশ্চিমবঙ্গের ছোট্ট একটি শহর কল্যানীতে আমাদের বাড়ির বাগানে দাঁড়িয়ে আছি আমি! আর আমার সঙ্গে যে মানুষটি, শ্রীধর মালি, তাঁর সাহচর্যেই আমার চিন্তা ভাবনার বৈপ্লবিক পরিবর্তন হয়েছিল! সে আমাকে শিখিয়েছিল যে গাছেরা কথা বলে! কিন্তু কথা বলতে গেলে তো মস্তিষ্ক লাগে, চিন্তা ভাবনা লাগে! গাছেদের মস্তিষ্ক আছে কী? সহজ উত্তর হল, 'না'। তবে কি অন্য কিছু আছে, যা মস্তিষ্কের কাজ করে? নাহলে সেদিন শ্রীধর যা বলেছিল, তা সত্যি হল কী করে!"

হলে পিন পড়লেও শোনা যাবে, এমন উৎসাহ নিয়ে উদ্গ্রীব হয়ে তাকিয়ে আছে সবাই! কিন্তু ডঃ চ্যাটার্জী সবার কৌতুহল তুঙ্গে তুলে চুপ করে গেলেন। প্রায় তিন মিনিট পর, সামনে রাখা ছোট্ট বোতল থেকে এক চুমুক জল খেয়ে আবার শুরু করলেন ''আমাদের বাগানে লম্বা পাইপ দিয়ে গাছে জল দিত শ্রীধর! ঝারি দিয়ে পাতাগুলো ধুয়ে দিত যত্নে! বলত 'দাদাবাবু, জান? আমি গাছেদের কথা শুনতে পাই? আদর, রাগ, অসুখ, কখন সার চাইছে, সব! তুমিও শুনতে পাবে! এই যে গোলাপী গোলাপটা, পাপড়ি মেলে কেমন দুলতেছে,ও আমাকে কাছে ডাকছে গো! অ্যাই দেখ! আমি যেই কান বাড়িয়েছি, আমার দিকে ঢলে এল! বল দেখি গোলাপরানী, কী হল তুমার? ও মা! কী হিংসে গো! দেখ ক্যামনে তাক্যে আছে পাশের লাল গোলাপ গাছটার দিকে! ও চায় না ঐ গাছটা বাঁচুক! হ্যাঁ-গো! আমাকে বলল! ঐ দ্যাখ পাশের লাল গোলাপ গাছটা ক্যামনে মুখ ঘুরিয়ে নিল! মন খারাপ হলি গাছ বাঁচে না গো! গাছ তো সরে যেতে পারে না!' আমি তখন শ্রীধরকে বলতাম 'এই তো আমি কান বাড়ালাম! কই আমি শুনতে পাচ্ছি না তো' শ্রীধর বলত 'গাছেদের ভাষা শুনতে হলি ওদের ভালবাসতে হয়! গোলাপীটা, লাল গোলাপ গাছটারে চায় না ক্যান জান? ভমর গো ভমর! ঐ দ্যাখ উড়ি আসতেছে! তুমি কুনদিন ফুলের মধু খাইছ?' বলে শ্রীধর নিজের হাতে লাল গোলাপের ভিতর থেকে মধু আঙুলে নিয়ে আমাকে খাইয়ে দিয়েছিল! কেমন মাতাল করা গন্ধ সেই মধুর! খুব মিষ্টি! গোলাপী গোলাপের ভিতর থেকেও মধু খেয়েছিলাম! কিন্তু সে মধু তেমন মিষ্টি নয়! একটু পরেই লাল গোলাপে এসে বসেছিল ভ্রমর আর প্রাণ ভরে মধু খেয়ে উড়ে গিয়ে বসেছিল আর একটা গোলাপ গাছে! শ্রীধর বলেছিল 'ভমর উড়লেই বুঝতে পারে ফুলেরা। তখন নিজে থেকেই আরো বেশি মিষ্টি মধুক্ষরণ হয় ভমরকে নিজের দিকে টানার জন্য! যে ফুলে ভমর বসল, সে জিতে গেল! নইলে পরাগ যোগ হবে ক্যামনে গো?' আমার বদ্ধ ধারণা হয়েছিল গোলাপ ফুলগুলো সত্যিই কথা বলে শ্রীধরের সঙ্গে! কিন্তু আমি কেন তা শুনতে পেতাম না, তাই নিয়ে ছিল গভীর চিন্তা! এর কয়েকদিন পর শ্রীধরের হাজার চেষ্টা সত্ত্বেও লাল গোলাপ গাছটা মরে গেছিল! কী করে, সেটা গভীর ভাবনায় ফেলেছিল আমাকে।"

সবাই প্রবল উৎসাহে শুনছে ডঃ চ্যাটার্জীর বক্তৃতা। পিছনের পর্দায় এখন এক যুবকের ছবি! ডঃ চ্যাটার্জী বললেন ''আমি তখন বোট্যানি নিয়ে পি এইচ ডি করছি ইউনাইটেড স্টেটসে! ততদিনে আমি গাছেদের কথা শুনতে পাই! তবে শ্রীধরের মত সহজে নয়। ইউনিভার্সিটিতে আমাকে তখন সবাই 'গাছ-পাগল' বলে ডাকতে শুরু করেছে! শুধু আমার গাইড, প্রফেসর কানিংহ্যাম বলেছিলেন 'ইফ ইউ ক্যান রিয়েলি ডিসাইফার দ্য ল্যাঙ্গোয়েজ অফ প্ল্যান্টস, ইট উড বি রিভোলিউশনারি! ভেরি লিটল ওয়ার্ক হ্যাস বিন ডান ইন দিস এরিয়া। ইউ হ্যাভ চোসেন এ টাফ পাথ!' কিন্তু হেরে না গিয়ে ততদিনে নিজের চেষ্টায় তৈরি করেছি কিছু যন্ত্র! মূলত অ্যাকোয়াস্টিক সেন্সর! যে সেন্সর সেন্স করে গাছের নড়াচড়া থেকে উদ্ভূত ভাইব্রেশন। কখনো বা সেই ভাইব্রেশনের উৎস থাকে মাটির গভীরে প্রোথিত! এর ওপর ভিত্তি করেই লিখি আমার প্রথম পেপার! কিন্তু সে পেপার বেরোনোর পর, সবাই হেসে উড়িয়ে দিয়েছিল। অথচ আজ সেই পেপারই হইচই ফেলে দিয়েছে চারিদিকে! আমি তখন নর্থ ম্যারিয়ানা আইল্যান্ডে! গভীর জঙ্গলে ক্যাম্প তৈরী করে গবেষণা করছি! আমার সঙ্গে রয়েছেন বিভিন্ন দেশের আরো তিনজন বোট্যানিস্ট। আমরা ততদিনে জেনেছি, বাইরের নানা ঘটনাপ্রবাহ গাছের এক বিশেষ জিনকে উজ্জীবিত করে তোলে এবং সেই উজ্জীবিত জিন নানা ধরণের বার্তা পাঠায়।

ম্যারিয়ানা আইল্যান্ডের জঙ্গলে আমরা এক অদ্ভুত ঘটনার সম্মুখীন হই, যা আমাদের দৃষ্টি আরো খুলে দেয়! ঐ অঞ্চলে, জঙ্গলের বিভিন্ন অংশে এক ধরণের বুনো গমের গাছ ছিল। একদিন সকালে আমরা দেখলাম, এক বিশেষ

তো নয়ই। এমন ভাবে খুনটা করতে হবে যাতে খুনটা খুন না মনে হয়। ধাক্কা দিয়ে সিঁড়ি দিয়ে ঠেলে ফেললেও সন্দেহটা আমার ঘাড়েই এসে পড়বে। যেহেতু আমিই দাদুর সব সম্পত্তির মালিক হবো তাই পুলিশ আজেবাজে কিছু দেখলেই আমাকে খপ্ করে ধরবে তা কী আর আমি জানি না!

প্রচুর ভেবে টেবে ঠিক করলাম হার্ট ফেলটাই সব থেকে নিরাপদ হবে। দাদুর বেশ ভয় আছে। আমি ফোনটায় ভয়াবহ সব শব্দ রেকর্ড করে দাদুর ঘরে রেখে দিয়ে আসব। দাদু একেবারে অভ্যেসের দাস। সন্ধ্যে সাতটা নাগাদ ডিনার করতে বসে। আটটা থেকে দশটা বেসমেন্টে গিয়ে বড়ো টিভিতে কিছু একটা সিনেমা দেখে। দশটার সময় এলিভেটারে করে নিজের ঘরে গিয়ে শুয়ে পড়ে। কাজের লোক হেস্টার দাদু নীচে সিনেমা দেখতে চলে যাওয়ার পরই আউটহাউসে নিজের কোয়ার্টারে চলে যায়-তাই শুতে যাওয়ার সময়টা দাদু একেবারে একা। এর পর হেস্টার নিজের পানীয় নিয়ে বসে, তাই তাকে আর ডাকলেও পাওয়া যায় না। দাদুকে বলা আছে কিছু বিপদ অনুভব করলে আমাকে ফোন করতে। পুলিশকেও দাদু বিশ্বাস করেন না, তাই সেই সময়টুকু আমিই ভরসা। সেই জন্যেই ওই সময়টায় যদি দাদুকে ভুতুড়ে শব্দ শুনিয়ে ভয় দেখানো যায় তাহলে হার্ট অ্যাটাক হতে বাধ্য। প্রচুর উদ্যম নিয়ে কাজে লেগে পড়লাম। অনেক ভুতুড়ে সিনেমা দেখে দেখে শব্দ রেকর্ড করে এক ঘন্টার একটা অডিও বানালাম।

সেদিন সকালে দাদুর সঙ্গে দেখা করতে গেলাম। দাদু রাতে থাকতে বলছিলেন কিন্তু আমি কাজ আছে বলে পালালাম। তার আগে অবশ্য দাদুর শোবার ঘরে টাইমার দিয়ে অডিওটা রেখে এলাম। ঠিক খাটের তলা থেকে আওয়াজ বেরোবে। এক ঘন্টা ধরে সেই শব্দ চলবে আর দাদু ফোন করলেও আমি তো ফোন ধরব না। শব্দগুলো এমন ভয়ের হয়েছে যে, ঘর অন্ধকার করে টেস্ট করার সময় আমি নিজেই এমন ভয় পেয়ে গিয়েছিলাম যে আলো জ্বালাতে হয়েছিল।

সব কিছু ঠিকঠাক করে বাড়ি ফিরে এলাম। হেস্টার রাতের জন্যে খাবার দিয়ে দিয়েছিল। সেটা খেয়েই শুয়ে পড়লাম কিন্তু ঘুম আসছিল না। কাল থেকে আমি কত অর্থ পাবো সেই অর্থ দিয়ে কী করব সেই সব ভাবনা মাথায় ঘুরপাক খাচ্ছিল। যাই হোক সেই সব ভাবতে ভাবতে কখন ঘুমিয়ে পড়ছি নিজেই জানি না। ঘুম ভাঙ্গল সকাল আটটায়। অন্যদিন বিছানায় পরে থাকি বা আরো কিছুটা ঘুমিয়ে নিই কিন্তু আর আর সে সব করতে মন চাইছিল না। কোন ফোন আসছে না দেখে আমি নিজেই ফোন করে বসলাম। হেস্টার ধরল। এমনিতে সব সময় দাদুই ধরেন। আমার মনের ময়ূরটা নেচে উঠল।

হেস্টারকে বললাম, "দাদু কেমন আছেন?"

হেস্টার বলল, "জানি না, এখনও ঘুমোচ্ছেন। যাই এবার ওঠাই অনেক বেলা তো হল!"

"ঠিক আছে তুমি ডেকে তুলে ফোনটা দাদুকে দাও। একটু কথা আছে।"

হেস্টার গজ গজ করতে করতে সিঁড়ি দিয়ে উঠতে উঠতে বলল, "গত কালই তো কথা বললে বাপু, সাত সকালে আবার কী দরকার পড়ল?"

আমি তো দাদু মারা গেছেন দেখে হেস্টারের চিৎকারটা শুনব বলে লাইনে রয়েছি সেটা তো আর ওকে বলা যায় না।

খটর খটর শব্দ হচ্ছিল। তারপরই বাজখাঁই গলায় শুনলাম, "কী ব্যাপার? সাত সকালে আমার সঙ্গে আবার কী কথা?"

দাদু! দাদুর কিছু হয়নি!

আমি আমতা আমতা করে বললাম, "না মানে ইয়ে গতকাল ...আচ্ছা তুমি তো এত বেলা পর্যন্ত ঘুমোও না। আজ এত দেরি হল যে? শরীর ভালো তো?"

দাদু হা হা করে হেসে বললেন, "হ্যাঁ, আমার আবার কী হবে। একশোটা পার করতে হবে তো। কাল একটু অনিয়ম করে ফেলেছিলাম। তা ভিভিয়ানের জন্যে একটু অনিয়ম করাই যায় কী বল?"

আমি চমকে উঠলাম, "ভিভিয়ান? ভিভিয়ান আবার কে?"

আবার সেই অট্টহাসি, "আরে ভয় পাস না। এই বয়সে তোর জন্যে নতুন ঠাকুমা আনতে যাচ্ছি না আর। ভিভিয়ান লির কথা বলছি। কাল কী মনে হল 'গন উইথ দা উইন্ড' সিনেমাটা আবার দেখতে শুরু করলাম। চার ঘন্টার বই তো—আর এমন উত্তেজনা, যে মাঝ পথে ছাড়াও যায় না তাই শুতে শুতে রাত বারোটা হয়ে গেল; সেই জন্যেই আজ সকালে আর ঘুম ভাঙ্গছিল না! তা এবার বল কী বলবি, কালকেই তো ডলার দিলাম। আর এখন কিছু দিতে পারব না বলে দিলাম বাপু!"

রাগে আমার মাথার চুল ছিঁড়তে ইচ্ছে করছিল। কাল রাতেই কিনা বুড়োকে গন উইথ দা উইন্ড দেখতে হল! তার মানে দাদু যখন শুতে এসেছেন তখন আমার রেকর্ডিং এক ঘন্টা চলে শেষ হয়ে গেছে! কী যন্ত্রণা!

দাদু আবার বলে চলেছেন, "তবে শোন—আমি আমার উকিলের সঙ্গে কথা বলেছি। আমার সম্পত্তি আমি তোর নামে করে দেবো। শুধু বাড়িটা আর কিছু অর্থ আমার জন্যে রাখব। এই বুড়ো বয়সে সব আগলে রাখতে আর পারছি না বাপু! তুই যা পারিস করিস। কাল সিনেমাটা দেখতে দেখতে আমার মনে হল তোর বয়সে একটু আনন্দ করবি না তো কবে করবি? সামনের শুক্রবার ব্যারিংটনকে ডাকব। তুইও আসিস।"

আমি তো কথা শুনে অবাক! এ যে মেঘ না চাইতেই জল! বাড়ি রাখুক দাদু! ওই আদ্যিকালের বাড়ি আমার চাইও না! বাকি সম্পত্তি এলেই আমার জীবন আরামে কেটে যাবে।

শুক্রবার দিন দাদুর বাড়িতে গিয়ে হাজির হলাম। মিস্টার ব্যারিংটন আসলেন একটু পরে। দাদু তাঁর কথামত সব কিছু আমার নামে করে দিলেন শুধু বাড়িটা আর নিজের চিকিৎসা, হেস্টারের মাইনে ইত্যাদির জন্যে কিছু অর্থ ছাড়া। আমার ভাগে যে পরিমাণ অর্থ এল সেটাতে যে ক'টা শূন্য সেটা আমাকে লিখে গুনে দেখতে হল। সত্যি আমিও জানতাম না দাদুর এত অর্থ আছে!

হেস্টার প্রচুর রান্না করেছিল। রাতের খাওয়ার পর আমি আর শহরে ফিরলাম না। আসলে আনন্দের চোটে একটু বেশি ওয়াইন খেয়ে ফেলেছিলাম তাই গাড়ি চালানোটা ঠিক হবে না মনে হল। পরদিন সকালে ফিরব ঠিক করে দোতলার একটা ঘরে শুয়ে পড়লাম।

রাতে প্রচন্ড পেট ব্যথাতে ঘুম ভাঙ্গল। আগেই দেখেছি দোতলার বাথরুমে জল আসছে না তাই দাদু বন্ধ করে তালা দিয়ে রেখেছেন। পরে প্লাম্বার ডাকবেন বললেন। শরীরটা এমন খারাপ লাগছিল যে বাথরুমে যাব বলে ছুটে সিঁড়ি দিয়ে নামতে গিয়ে পা হড়কে পড়ে গেলাম। তারপর আর আমার কিছু মনে নেই।

সিঁড়ি দিয়ে পড়ে গিয়ে আমার শিড়দাঁড়ায় আঘাত পেয়েছি আমি। অপারেশান হয়েছে কিন্তু তাও আর সোজা হয়ে নিজের পায়ে দাঁড়াতে পারি না। হুইলচেয়ারে বসে থাকতে হয় সর্বক্ষণ। দাদুর সঙ্গেই থাকি এখন আমি। খুব মন খারাপ করলে দাদুই আমাকে গাড়ি করে বেড়াতে নিয়ে যান মাঝে মাঝে। ও হ্যাঁ, বিপুল অর্থের মালিক এখন আমি কিন্তু সেই অর্থ খরচা করার মতন শরীর বা মনের অবস্থা কোনটাই আর নেই আমার। সেদিন রাতে স্যালাডের পেঁয়াজে নাকি স্যালমোনেলা (কাঁচা সবজি ইত্যাদিতে থাকে এই রকম এক ধরনের ক্ষতিকারক ব্যাকটেরিয়া) ছিল। আমি ছাড়া কেউ নাকি স্যালাডের পেঁয়াজ খায়নি তাই অন্য কারোর পেট খারাপ হয়নি। সেটা কী করে সম্ভব আমি জানি না। মাঝে মাঝে আমার মনে হয় আমার দাদু তাঁকে সরিয়ে দেওয়ার পরিকল্পনাটা আঁচ করতে পেরেই আমাকে স্যালমোনেলা খাইয়ে শাস্তি দিচ্ছিলেন। সেই রকম ভাবনা মাথায় আসলে আমি হাঁ করে দাদুর দিকে তাকিয়ে দেখি। দাদু দেখতে পেলে ভাবেন আমার মন খারাপ তাই আমার পিঠে হাত দিয়ে আমাকে সান্ত্বনা দেন। তখন আমার মনে হয় দাদু কেন আমার ওই রকম ক্ষতি করতে চাইবেন? আমি তো দাদুর একমাত্র নাতি আর দাদু ছাড়া তো আমারও আর কেউ নেই।

প্রথম প্রকাশ : ১৫ নভেম্বর ১৯৭১

সংবাদ বিচিত্রা
SANGBAD BICHITRA

ONLY OFFICIAL NEWSPAPER OF CAB

প্রকাশনায় : বঙ্গ সংস্কৃতি সংঘ ▪ CULTURAL ASSOCIATION OF BENGAL ▪ NORTH AMERICA

৪৯তম বর্ষ   মাঘ-ফাল্গুন ১৪৩০ ● ফেব্রুয়ারি ২০২৪   Visit us at : www.cabusa.org

গল্প

যদ্ভবিষ্য

অনন্যা দাশ

পেন্সিলভেনিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র

আমার দাদুকে আমি এখন আর দুচোক্ষে দেখতে পারছি না। আচ্ছা আপনারাই বলুন নব্বই বছর বয়স হল দাদুর অথচ সব সম্পত্তি যক্ষের ধনের মতন আগলে বসে রয়েছেন। বাড়ি, গাড়ি, অর্থ সব কিছু দাদুর হাতের মুঠোয়। আমার নিজের মা-বাবা তো সেই কোন পঁচিশ বছর আগে দুর্ঘটনায় মারা গেছেন। তারপর থেকে আমি দাদুর কাছেই মানুষ। এখন অবশ্য আমি শহরে থাকি একটা বাড়ি ভাড়া নিয়ে আর দাদু থাকেন শহরের বাইরে তাঁর বিশাল প্রাসাদে। আমার বাড়ির ভাড়া অবশ্য দাদুই দেন কিন্তু দাদু না থাকলে সব সম্পত্তি আমার হত, তখন আর আমাকে বাড়ি ভাড়া করে থাকত হত না, বাড়িটাকে কিনেই নিতাম। এমন কত কিছু আমার হতে পারত যদি দাদু শক্ত হাতে সব সম্পত্তি না আঁকড়ে ধরে বসে থাকতেন। আমার যেমন একটু ফুর্তি করতে ভালো লাগে, বেশ জুয়ার আড্ডায় যাবো, বড়ো রেস্টুরেন্টে খাবো, প্রতি সন্ধ্যায় বার বা নাইটক্লাবে যাবো, কিন্তু দাদু আমাকে প্রতি মাসে খরচের জন্যে যা দেন তাতে কোন রকমে থাকা খাওয়াটা হয়, একেবারে বেসিক থাকা খাওয়া আর কিছু সম্ভব নয়। দাদু বলেন, "ফুর্তি করতে হলে নিজের রোজগার করো বাপু। আমার টাকায় ফুর্তি হবে না!" কী জ্বালা! আমার আবার কাজ টাজ তেমন করতে ভালো লাগে না। আর দরকারই বা কী? আমি যে চাকরিটা নিয়ে বসে থাকব সেটা দিয়ে কোন এক গরিবের সংসার চলে যাবে তাই সেই সব ভেবেই আমি চাকরি করতে যাই না। দাদু অবশ্য মনে করেন আমি কিছু কাজ করি। তাছাড়া ঘুম থেকেই উঠি দুপুর বারোটা নাগাদ, কোন চাকরি আর সেই সময় থেকে শুরু হয় বাপু? দাদুর পাল্লায় পড়ে সব কিছুই তো ছেড়েছি, এখন ঘুমটুকুও যদি ছাড়তে হয় তাহলে আর বেঁচে লাভ কী?

আজ সকালে ঘুম থেকে উঠে খবরটা দেখেই আমার মাথাটা ঘুরে গেল। যে লোকটা নিজেকে পৃথিবীর সব চেয়ে বয়স্ক মানুষ বলে দাবি করত সে মারা গেছে। তার বয়স নাকি ১৪৬! দাদুর যা স্বাস্থ্য দাদু অনায়াসেই আরো তিরিশ বছর চালিয়ে দেবেন। এখনও গাড়ি চালান, হাঁটাহাটি করেন। তবে প্রচুর ডলার খরচ করে বেসমেন্ট থেকে দোতলার শোবার ঘরে যাওয়ার জন্যে লিফট (মানে যাকে এখানে বলে এলিভেটার) বানিয়েছেন। কোন দরকার ছিল? শুধু শুধু আমি যা পেতে পারি সেই অর্থে ভাগ বসানো! জলখাবার খেতে খেতে ভাবতে লাগলাম। দাদু যদি আরো তিরিশ বছর বেঁচে থাকেন তাহলে তো তখন আমি বুড়ো হয়ে যাবো, আমার আনন্দ করার বয়স চলে যাবে! দাঁত পড়ে যাবে, শরীর অকেজো হয়ে যাবে, তখন আর অর্থ নিয়ে ফুর্তি করতেও ইচ্ছে করবে না! সেই সব ভাবতেই আমার মুখটা বিস্বাদ হয়ে গেল। এমনিতেও অবশ্য দুধ কর্নফ্লেক্স আমার পছন্দের খাবারের মধ্যে পড়ে না কিন্তু দামি কিছু কিনে খাওয়ার সামর্থ তো নেই আমার।

অনেক ভেবে আমি ঠিক করলাম যে দাদুকে ইহ জগৎ থেকে বিদায় করতে হবে। ব্যাপারটাকে মনস্থ করে ফেলতেই সেটাকে নিয়ে গভীর ভাবে ভাবতে শুরু করলাম। ধরা পড়ে গেলে চলবে না। বাকি জীবনটা জেলে পচতে মোটেই চাই না আমি। তাহলে তো কোন লাভই হবে না। এমন কোন একটা উপায় দিয়ে দাদুকে স্বর্গে পাঠাতে হবে যাতে সাপও মরে আর লাঠিও না ভাঙ্গে। ভেবে চিনতে দেখলাম বিষ চলবে না, ধরা পড়ে যাবো, বন্দুক, ছুরি ও সব